# যুগান্তর

তারিখ: 30 MAR 2016
পৃ: ৩ কলাম: ২

বকেয়া দু'এক মাস পর

## বেসরকারি শিক্ষকরা এখন বেতন পাবেন নতুন স্কেলে

**যুগান্তর রিপোর্ট**

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা এখন কেবল নতুন স্কেলে বেতন পাবেন। বকেয়া দিতে আরও দু'এক মাস সময় লাগবে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) দায়িত্বশীল সূত্র এ তথ্য জানিয়েছে।

এ বিষয়ে মাউশি পরিচালক (কলেজ ও প্রশাসন) অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান মঙ্গলবার দুপুরে যুগান্তরকে বলেন, 'আমরা এখন মার্চ মাসের এমপিও নতুন বেতন স্কেলে দিচ্ছি। হাতে টাকা থাকলেও বকেয়া দিতে পারছি না। কারণ বকেয়ার হিসাব এখন পর্যন্ত শেষ করা যায়নি। আশা

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## বেসরকারি শিক্ষকরা বেতন পাবেন নতুন স্কেলে

(৩য় পৃষ্ঠার পর)

করছি, আগামী মাসের বেতনের সঙ্গে (মে মাসে) বকেয়া দেয়া যাবে।' তিনি আরও জানান, 'শূন্যপদে এমপিওভুক্তি একটি চলমান প্রক্রিয়া। গতবছর জুলাই থেকে প্রতি দু'মাসে একজন নতুন শিক্ষক-কর্মচারী এমপিওভুক্ত হয়েছেন। এখন কেউ যদি চলতি বছর জানুয়ারিতে এমপিওভুক্ত হয়ে থাকেন তাহলে তিনি মাত্র দু'মাসের বকেয়া পাবেন। আবার যারা গত অক্টোবরে এমপিওভুক্ত হয়েছেন, তারা চার মাসের বকেয়া পাবেন। এভাবে মোট এমপিওভুক্ত শিক্ষকের আলাদা বকেয়া হিসাব বের করতে হবে। এ কাজ শেষ না হওয়ায় হাতে টাকা থাকা সত্ত্বেও আমরা এখনই বকেয়া দিতে পারছি না।'

মাউশি সূত্র জানায়, এপ্রিলের বেতনের সঙ্গে বকেয়া দেয়ার প্রাথমিক সিদ্ধান্ত নেয়া হলেও কয় মাসের (বকেয়া) দেয়া হবে, সে বিষয়টি এখন পর্যন্ত চূড়ান্ত হয়নি। তবে ফেব্রুয়ারি পর্যন্ত ৮ মাসের বকেয়া দুই ধাপে পরিশোধের বিষয়টি নিশ্চিত করেছে সূত্র। সোমবার রাতে বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার ৫ লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীকে নতুন পে-স্কেলে এমপিও এবং বকেয়া দেয়ার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে এই খাতে দুই ব্যয়ের জন্য ২ হাজার ৫৩ কোটি ৫০ লাখ ছাড় করা হয়েছে। সোমবার রাতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ যুগান্তরকে জানিয়েছিলেন, চলতি মাসের বেতন ও বকেয়া পরিশোধের নির্দেশ দেয়া হয়েছে। সে অনুযায়ী মাউশি এবং কারিগরি শিক্ষা অধিদফতর ব্যবস্থা নেবে। উল্লেখ্য, নতুন স্কেল অনুযায়ী এমপিওভুক্ত কলেজের অধ্যক্ষরা পাবেন প্রায় ৫০ হাজার টাকা। এতদিন পেয়েছেন ২৫ হাজার ৭৫০ টাকা (চতুর্থ গ্রেড)। একজন সহকারী অধ্যাপক পাবেন ৩৫ হাজার ৫০০ টাকা (ষষ্ঠ গ্রেড)। সপ্তম পে-স্কেলে পেয়েছেন ১৮ হাজার ৫০০ টাকা। প্রভাষক পাবেন ২২ হাজার টাকা (নবম গ্রেড)। এতদিন তারা ১১ হাজার টাকা পেয়েছেন। বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের মূল বেতন হচ্ছে দশম গ্রেডে ১৬ হাজার টাকা। এতদিন পেয়েছেন আট হাজার টাকা। জ্যেষ্ঠ সহকারী শিক্ষকের বেতন হবে ২২ হাজার টাকা (নবম গ্রেড)। এতদিন পেয়েছেন ১১ হাজার টাকা। শিক্ষা মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, বর্তমানে সারা দেশে প্রায় ৫ লাখ শিক্ষক-কর্মচারী এমপিও পাচ্ছেন। এরমধ্যে সাধারণ স্কুল-কলেজ ও মাদ্রাসায় শিক্ষক-কর্মচারী আছেন ৪ লাখ ৭৯ হাজার ২৯২ জন। কারিগরি স্কুল-কলেজ ও মাদ্রাসায় আছেন ১৭ হাজার ৩৭৬ জন। এসব শিক্ষক-কর্মচারীর এমপিও বাবদ প্রতি মাসে রাষ্ট্রের ব্যয় ৬০০ কোটির কিছু বেশি টাকা। নতুন স্কেলে বেতন দেয়ার ফলে প্রতি মাসে আরও প্রায় ৪০০ কোটি টাকা লাগবে বলে জানিয়েছেন মাউশির পরিচালক অধ্যাপক ওয়াহিদুজ্জামান।